



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2021

গভর্নর ক্যাথি হোচুল

সোমবারে টিকাদানের সময়সীমা শেষ হওয়ার প্রস্তুতি হিসেবে, প্রতিরোধযোগ্য স্বাস্থ্যসেবা কর্মী সংকট মোকাবেলায় গভর্নর হোচুলের সমন্বিত পরিকল্পনা প্রকাশ

পরিকল্পনার মধ্যে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিগুলোতে কর্মী সরবরাহ পূরণের উদ্দেশ্যে জরুরি অবস্থা ঘোষণার প্রস্তুতি অন্তর্ভুক্ত রয়েছে

অন্য স্টেট বা দেশে লাইসেন্সপ্রাপ্ত যোগ্য স্বাস্থ্যসেবা পেশাজীবী, সম্প্রতি গ্র্যাজুয়েট হওয়া, অবসরপ্রাপ্ত এবং অতীতে অনুশীলন করা স্বাস্থ্যসেবা পেশাজীবীদের নিউ ইয়র্কে অনুশীলন করার সক্ষমতা প্রদান করবে

অন্যান্য বিকল্পের মধ্যে মেডিকেল প্রশিক্ষণপ্রাপ্ত ন্যাশনাল গার্ড নিযুক্ত করা, ফেডারেল দুর্যোগকালীন মেডিকেল সহায়তা টিমের (DMAT) জন্য অনুরোধ জানানো, মেডিকেল পেশাজীবীদের জন্য ভিসার অনুরোধের অগ্রগতিতে সহায়তার জন্য ফেডারেল সরকারের সাথে কাজ করা অন্তর্ভুক্ত রয়েছে

জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসেবা কর্মীরা টিকা গ্রহণ করেছেন তা নিশ্চিত করার বিষয়ে গভর্নর অটল রয়েছেন

সোমবারে টিকাদানের সময়সীমা শেষ হওয়ার প্রস্তুতি হিসেবে, গভর্নর ক্যাথি হোচুল আজ স্টেটব্যাপী হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিতে প্রতিরোধযোগ্য কর্মী সংকট মোকাবেলায় একটি সমন্বিত পরিকল্পনা প্রকাশ করেছেন।

"আমরা আমাদের প্রিয়জনদের সুরক্ষিত রাখতে এখনো কোভিড-এর বিরুদ্ধে লড়াই করে যাচ্ছি, এবং এই লড়াইয়ে আমাদেরকে আমাদের কাছে থাকা সম্ভাব্য সকল হাতিয়ার কাজে লাগাতে হবে," বলেছেন গভর্নর হোচুল। "আমি কর্মীদের লভ্যতার পরিস্থিতির প্রতি নিবিড়ভাবে লক্ষ্য রেখেছি, এবং আমাদের স্বাস্থ্যসেবা কর্মীর সংখ্যা বৃদ্ধির জন্য এবং আমাদের হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটির বোঝা লাঘব করার ক্ষেত্রে সাহায্য করতে আমাদের একটি পরিকল্পনা রয়েছে। টিকা গ্রহণ করতে এগিয়ে আসা সকল স্বাস্থ্যসেবা কর্মীদের আমি সাধুবাদ জানাই, এবং আমি টিকা গ্রহণ না করা অবশিষ্ট সকল স্বাস্থ্যসেবা কর্মীকে টিকা গ্রহণ করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি যাতে তারা সেবা প্রদান করা অব্যাহত রাখতে পারেন।"

প্রয়োজন হলে কর্মী সরবরাহ বৃদ্ধির জন্য অন্য স্টেট বা দেশে লাইসেন্সপ্রাপ্ত যোগ্য স্বাস্থ্যসেবা পেশাজীবী, সম্প্রতি গ্র্যাজুয়েট হওয়া, অবসরপ্রাপ্ত এবং অতীতে অনুশীলন করা স্বাস্থ্যসেবা

পেশাজীবীদের নিউ ইয়র্কে অনুশীলন করার অনুমতি দেয় এমন জরুরি অবস্থা ঘোষণার একটি নির্বাহী আদেশ স্বাক্ষর করার প্রস্তুতি এই পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

শ্রম বিভাগ (Department of Labor) একটি নির্দেশনা জারি করেছে যে টিকা গ্রহণ করতে অস্বীকৃতি জানানোর কারণে বরখাস্ত হয়েছেন এমন কর্মীরা মেডিকেল সুযোগ-সুবিধার জন্য একটি বৈধ ডাক্তার-অনুমোদিত অনুরোধ ছাড়া আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স পাওয়ার যোগ্য হবেন না।

অন্যান্য বিকল্পের মধ্যে মেডিকেল প্রশিক্ষণপ্রাপ্ত ন্যাশনাল গার্ড নিযুক্ত করা, এবং স্থানীয় স্বাস্থ্য ও মেডিকেল ব্যবস্থাকে সাহায্য করতে দুর্যোগকালীন মেডিকেল সহায়তা টিম (DMAT) নিয়োগের জন্য ফেডারেল সরকারের সাথে অংশীদার হওয়া অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, মেডিকেল পেশাজীবীদের জন্য ভিসার অনুরোধের অগ্রগতিতে সহায়তার উপায়সমূহ খুঁজতে গভর্নর হোচুলের ফেডারেল সরকার ও স্টেট পর্যায়ের অন্য নেতৃবৃন্দের সাথে কাজ করার পরিকল্পনা রয়েছে।

22 সেপ্টেম্বর পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেটের সকল হাসপাতাল কর্মীর 84% সম্পূর্ণভাবে টিকা গ্রহণ করেছেন। 23 সেপ্টেম্বর পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেটের সকল প্রাপ্তবয়স্ক সেবাকেন্দ্রের 81% কর্মী এবং সকল নার্সিং হোম ফ্যাসিলিটির 77% কর্মী সম্পূর্ণভাবে টিকা গ্রহণ করেছেন।

স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) জারি করা বিধিমালা অনুযায়ী, হাসপাতাল ও নার্সিং হোমে থাকা নিউ ইয়র্ক স্টেটের সকল স্বাস্থ্যসেবা কর্মীকে সোমবার, 27 সেপ্টেম্বরের মধ্যে কোভিড-19 এর টিকার প্রথম ডোজ গ্রহণ করতে হবে, এবং হোম কেয়ার, হসপিস, ও প্রাপ্তবয়স্ক সেবাকেন্দ্র সহ আওতাভুক্ত অন্যান্য সংস্থার কর্মীদের 7 অক্টোবরের মধ্যে টিকা গ্রহণ করতে হবে। এই বিধান নিউ ইয়র্ক স্টেটে অনুশীলন করেন এমন স্টেটের বাইরের এবং চুক্তিবদ্ধ সকল মেডিকেল কর্মীর জন্যেও প্রযোজ্য হবে।

"নার্স হিসেবে আমরা আমাদের রোগীদের জন্য সেবা প্রদান করতে এবং এসব প্রচেষ্টায় গভর্নরের সাথে কাজ করতে দৃঢ় প্রতিজ্ঞ। আমাদের রোগী ও সহকর্মীদের রক্ষার জন্য আমাদের পর্যাপ্ত কর্মী প্রয়োজন, এবং মহামারী চলাকালীন সময়ের সংকটকালীন অবস্থায় ফিরে যাওয়া এড়াতে আমরা সম্ভাব্য সব কিছু করতে চাই। গভর্নর হোচুলের নেতৃত্বের জন্য, এবং নার্স, রোগীদের সহায়তা করা, এবং সম্ভাব্য সেবা সেবা নিশ্চিত করার জন্য তার সাহসী ও কৌশলগত পরিকল্পনার জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ," বলেছেন নিউ ইয়র্ক স্টেট নার্সেস অ্যাসোসিয়েশনের (New York State Nurses Association) এক্সিকিউটিভ ডিরেক্টর, প্যাট কেন, RNI

"SUNY হাসপাতালে পর্যাপ্ত তহবিল ও কর্মী পাওয়ার জন্য UUP সংগ্রাম চালিয়ে যাবে এবং আমাদের সদস্যদের ও তাদের রোগীদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষায় নিবেদিত রয়েছে। সম্ভাব্য কর্মী সংকটের কথা বিবেচনায় গভর্নর হোচুলের গ্রহণ করা পদক্ষেপ আমরা অনুধাবন করতে পেরেছি। আমরা আশাবাদী যে এই পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন হবে না। আমরা সকল UUP সদস্য এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রতি অবিলম্বে টিকা গ্রহণ করার জন্য জরুরি আহবান

জানানো অব্যাহত রাখবো," বলেছেন ফ্রেডরিক ই. কোয়াল, PH.D, প্রেসিডেন্ট অব ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশন্স।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)